

বিজ্ঞপ্তি নম্বর-০১

তারিখ : ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৩খ্রি.

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো; (ক-গ্রুপ: প্রাথমিক ও সমপর্যায়, খ-গ্রুপ: মাধ্যমিক ও সমপর্যায় এবং গ-গ্রুপ : উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব)।

### প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা- এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইল ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ নম্বর : ০১৭১৭৫১৪৮৫৭, ০১৭১৬৭২৭৩০০ ই-মেইল : Email:unobagmara@mopa.gov.bd

অনুরোধক্রমে,

(এ,এফ,এম, আবু সুফিয়ান)

উপজেলা নির্বাহী অফিসার  
বাগমারা, রাজশাহী।

ফোন-০২৫৮৮৮৬৯৫০১  
email:unobagmara@mopa.gov.bd

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- ০১। উপজেলা..... কর্মকর্তা, বাগমারা, রাজশাহী।
- ০২। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বাগমারা, রাজশাহী।  
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৩। চেয়ারম্যান, .....ইউপি(সকল), বাগমারা, রাজশাহী।
- ০৪। সভাপতি, বাগমারা প্রেসক্লাব, বাগমারা, রাজশাহী।
- ০৫। জনাব ..... বাগমারা, রাজশাহী।